

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০  
০৮ মে ২০২৩

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.১৯.৩১২.১৩-৪৫৬


বিষয়: বরিশাল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ ফারুক আহমদকে ১৪১ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন (১৪/০৫/২০২৩-১২/০৭/২০২৩) (এসিএডি) কোর্সে অংশগ্রহণ।

সূত্র: (১) সৈয়দ ফারুক আহমদ, প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন-এর আবেদন, তারিখ: ২৭ এপ্রিল ২০২৩ খ্রি:;  
(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.২০০.২৫.০৩২.২০.৮৮, তারিখ: ১৮ এপ্রিল ২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)-এ ১৪/০৫/২০২৩ হতে ১২/০৭/২০২৩ তারিখ পর্যন্ত মোট ৬০ (ষাট) দিন মেয়াদে অনুষ্ঠেয় ১৪১ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে (এসিএডি) অংশগ্রহণের লক্ষ্যে সৈয়দ ফারুক আহমদ, প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন-কে সূত্রোক্ত ২নং স্মারকে মনোনয়ন প্রদান করা হয়। সেপ্টেক্ষিতি বর্ণিত কর্মকর্তা উক্ত কোর্সে অংশগ্রহণের লক্ষ্যে অবমুক্তকরণের জন্য এ বিভাগে আবেদন করেন। বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক বরিশাল সিটি কর্পোরেশনের মেয়ার ও কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে আগামী ১২ জুন ২০২৩ তারিখে ভোট গ্রহণের তারিখ নির্ধারণ করা হয়েছে। উক্ত সিটি কর্পোরেশনে সচিব পদে কোন কর্মকর্তা কর্মরত নেই। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট পদে ০১ (এক) জন কর্মকর্তা কর্মরত রয়েছেন এবং তাকে ক্যান্সারের চিকিৎসার জন্য ৬০ (ষাট) দিনের বাই:বাংলাদেশ ছুটি মঙ্গল করা হয়েছে। মে ও জুন মাস অর্থ বছরের একটি গুরুত্বপূর্ণ সময়। প্রধান নির্বাহী কর্মকর্তাকে বর্ণিত মেয়াদে ১৪১ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে অংশগ্রহণের জন্য অবমুক্ত করা হলে বরিশাল সিটি কর্পোরেশনের নির্বাচন এবং প্রশাসনিক ও উন্নয়নমূলক কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হতে পারে।

০২। বর্ণিতাবস্থায়, বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক বরিশাল সিটি কর্পোরেশনের নির্বাচন এবং প্রশাসনিক ও উন্নয়নমূলক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্প্রসা/অব্যাহত রাখার স্বার্থে বরিশাল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ ফারুক আহমদকে ১৪১ তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন (১৪/০৫/২০২৩-১২/০৭/২০২৩) (এসিএডি) কোর্স হতে অব্যাহতি প্রদান এবং নির্বাচনের পর সুবিধাজনক সময়ে একই বিষয়ে অন্য কোন কোর্সে মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

  
(মোহাম্মদ শাহিদুল ইসলাম)  
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৬২৫  
মুঠোফোন: ০১৭১৬-৮২৬১২০  
ই-মেইল: [lgcc1@lgd.gov.bd](mailto:lgcc1@lgd.gov.bd)

সিনিয়র সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি-জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।
- ৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।